

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
জনসংযোগ অধিশাখা
www.ecs.gov.bd


নং-১৭.০০.০০০০.০৪০.১৭.০১৬.১৯- ১২৩

তারিখ: ১০ মে, ২০২২ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

আগামী ১৫ জুন ২০২২ তারিখে অনুষ্ঠেয় কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচনে নির্বাচনি এলাকায় শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখার লক্ষ্যে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পাশাপাশি ১৫ মে ২০২২ তারিখ হতে এক প্লাটুন বিজিবি মোতায়েন করা হচ্ছে। একইসাথে ১২ মে ২০২২ তারিখ হতে ৩ জন নির্বাহী ম্যাজিস্ট্রেটও মোতায়েন করা হবে। আজ নির্বাচন কমিশনের এক সভায় এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

নির্বাচনি এলাকায় শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা ও সকল প্রকার শো-ডাউন বন্ধ করার জন্য স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বিভিন্ন ব্যবস্থা গ্রহণ করেছে। কুমিল্লা সিটি কর্পোরেশন নির্বাচনের রিটার্নিং অফিসার জানিয়েছেন, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ০৯ মে ২০২২ পর্যন্ত ২০৯টি মোটরসাইকেল আটকপূর্বক মামলা দায়ের করে ৫,৭৬,০০০/- (পাঁচ লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা জরিমানা আদায় করেছে।


(এস এম আসাদুজ্জামান)
পরিচালক (জনসংযোগ)
ও যুগ্মসচিব (সিসি)
ফোন: ৫৫০০৭৫২০